# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭০১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭০২]

পর্ব-৮: মসজিদ (كِتَابُ الْمَسَاجِدِ)

পরিচ্ছেদঃ ১১: গির্জাকে মসজিদ বানানো

## اتخاذ البيع مساجد

---

আরবী

أَخْبَرَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ، عَنْ مُلَازِمٍ، قال: حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ بَدْرٍ، عَنْ قَيْسِ بْنِ طَلْقٍ، عَنْ أَبِيهِ طَلْقِ بْنِ عَلِيٍّ، قال: خَرَجْنَا وَفْدًا إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَبَايَعْنَاهُ وَصَلَّيْنَا مَعَهُ وَأَخْبَرْنَاهُ أَنَّ بِأَرْضِنَا بِيعَةً لَنَا فَاسْتَوْهَبْنَاهُ مِنْ فَضْلِ طَهُورِهِ، فَدَعَا بِمَاءٍ، فَتَوَضَّأَ وَتَمَضْمَضَ ثُمَّ صَبَّهُ فِي إِدَاوَةٍ، وَأَمَرَنَا، فَقَالَ: اخْرُجُوا، فَإِذَا أَتَيْتُمْ أَرْضَكُمْ فَاكْسِرُوا بِيعَتَكُمْ وَانْضَحُوا مَكَانَهَا بِهَذَا الْمَاءِ وَاتَّخِذُوهَا مَسْجِدًا . قُلْنَا: إِنَّ الْبَلَدَ بَعِيدٌ وَالْحَرَّ شَدِيدٌ وَالْمَاءَ يَنْشُفُ، فَقَالَ: مُدُّوهُ مِنَ الْمَاءِ، فَإِنَّهُ لَا يَزِيدُهُ إِلَّا طِيبًا ، فَخَرَجْنَا حَتَّى قَدِمْنَا بَلَدَنَا فَكَسَرْنَا بِيعَتَنَا ثُمَّ نَضَحْنَا مَكَانَهَا وَاتَّخَذْنَاهَا مَسْجِدًا فَنَادَيْنَا فِيهِ بِالْأَذَانِ، قَالَ: وَالرَّاهِبُ رَجُلٌ مِنْ طَيِّئٍ، فَلَمَّا سَمِعَ الْأَذَانَ، قَالَ: دَعْوَةُ حَقٍّ، ثُمَّ اسْتَقْبَلَ تَلْعَةً مِنْ تِلَاعِنَا فَلَمْ نَرَهُ بَعْدُ.

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ٥٠٢٨) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 702 ـ صحيح الإسناد

বাংলা

৭০১. হান্নাদ ইবনুস সারী (রহ.) ..... ত্বালক ইবনু 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন আমরা প্রতিনিধি হিসেবে নবী (সা.) এর কাছে আসার উদ্দেশে বের হলাম। পরে তার কাছে বাই'আত হলাম এবং তার সাথে সালাত আদায় করলাম। আমরা তাঁকে অবহিত করলাম যে, আমাদের এলাকায় একটি গির্জা আছে। তারপর আমরা তাঁকে উযুর অবশিষ্ট পানি দিতে অনুরোধ জানালাম। তিনি কিছু পানি আনিয়ে উযূ এবং কুলি করলেন, তারপর একটি পাত্রে

তা ঢেলে দিলেন। আর আমাদের নির্দেশ দিলেন এবং বললেন, তোমরা যাও, যখন তোমাদের দেশে হাজির হবে তখন তোমরা তোমাদের ঐ গির্জাটি ভেঙ্গে ফেলবে আর সেখানে এ পানি ঢেলে দিবে। এরপর তাকে মসজিদরূপে ব্যবহার করবে। আমরা বললাম, আমাদের দেশ অনেক দূরে, গরমও বেশি পানি শুকিয়ে যাবে। তিনি বললেন, এর সাথে আরো পানি মিশিয়ে নিবে। তাতে ঐ পানির সুঘ্রাণ আরও বাড়বে। আমরা তথা হতে বের হয়ে আমাদের দেশে হাজির হয়ে আমাদের গির্জাটি ভেঙ্গে ফেললাম। তারপর তার স্থানে পানি ঢেলে দিলাম আর ওটাকে মসজিদরূপে রূপান্তর করলাম। আমরা তাতে আযান দিলাম। রাবী বলেন, পাদ্রী ছিল তুয়্যি গোত্রের এক ব্যক্তি। সে আযান ধ্বনি শুনে বলল, এ তো সত্যের প্রতি ডাক। তারপর সে এক নিম্নভূমির দিকে চলে গেল, এরপর তাকে আমরা আর দেখিনি।

## English

11. Taking Churches As Masjids

It was narrated that Talq bin 'Ali said: We went out as a delegation to the Prophet (ﷺ); we gave him our oath of allegiance and prayed with him. We told him that in our land there was a church that belonged to us. We asked him to give us the leftovers of his purification (Wudu' water). So he called for water, performed Wudu' and rinsed out his mouth, then he poured it into a vessel and said to us: 'Leave, and when you return to your land, demolish your church, and sprinkle this water on that place, and take it as a Masjid.' We said: 'Our land is far away and it is very hot; the water is far away and it is very hot; the water will dry up.' He said: 'Add more water to it, for that will only make it better.' So we left and when we came to our land we demolished our church, then we sprinkled the water on that place and took it as a Masjid, and we called the Adhan in it. The monk was a man from Tayy', and when he heard the Adhan, he said: 'It is a true call.' Then he headed toward one of the hills and we never saw him again.

### ফুটনোট

সনদ সহীহ: নাসায়ী'র "সুনানুল কুবরা" ৭৮০, তা'লীকাতুল হাসসান ১১১৯, সহীহাহ্ ২৫৮২, মিশকাত ৭১৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ তালক ইবনে আলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87075

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন